

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং- ৪৬.০৪৫.০২৭.০৮.২৩.০২৩.২০১৫-(৩৯)৩

তারিখঃ ২০/০৩/২০১৬

বিষয়ঃ ময়মনসিংহ জেলার গৌরীপুর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান বেগম রাবেয়া ইসলাম ডলিকে প্যানেল চেয়ারম্যান-১ মনোনীতকরণ প্রসঙ্গে।


সূত্রঃ মাননীয় সংসদ সদস্য, ময়মনসিংহ-৩ এর ডি,ও পত্র নং-বাজাসস/১৪৮/ময়মন-৩/১৬, তাং ০১/০৩/২০১৬

উপর্যুক্ত বিষয়ে মাননীয় সংসদ সদস্যের উপানুষ্ঠানিক পত্রের ছায়াছবি এসাথে প্রেরণ করা হলো। পত্রে বর্ণিত গৌরীপুর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান বেগম রাবেয়া ইসলাম ডলিকে প্যানেল চেয়ারম্যান-১ মনোনীত করার বিষয়ে নিম্নবর্ণিত তথ্যাদি এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

(ক) ০৭/০৮/২০১৪ তারিখে গঠিত প্যানেল চেয়ারম্যান বিষয়ে বেগম রাবেয়া ইসলাম ডলি কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং ৭৮৩১/২০১৪ এর সর্বশেষ অবস্থা (সার্টিফাইডকপিসহ);

(খ) গৌরীপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান (বরখাস্তকৃত) আহম্মদ তায়েবুর রহমান কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং-৬০৬৬/২০১৫ এর সর্বশেষ অবস্থা (সার্টিফাইড কপিসহ); এবং

(গ) গৌরীপুর উপজেলা পরিষদের অস্থায়ী চেয়ারম্যান প্যানেল গঠনে বিদ্যমান উপজেলা পরিষদ আইন এর আলোকে জেলা প্রশাসকের সুস্পষ্ট মতামতসহ প্রস্তাব।


20/3/16
(লুৎফুন নাহার)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৭৭২৩০

e-mail: lgd.upazila2@gmail.com

জেলা প্রশাসক
ময়মনসিংহ

অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, গৌরীপুর, ময়মনসিংহ।
২. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ)।